

বিভাগীয় সমিতির জরুরী সভা

তারিখ : ১০-০৯-২০১৮

স্থান : বিভাগীয় প্রধানের কক্ষ

আলোচ্য বিষয় :

রবীন্দ্র শীটের Ph.D. তালিকা সম্পর্কিত অভিযোগ।

উপস্থিত সদস্যবৃন্দ :

১. বাণীরঞ্জন দে ১০-০৯-২০১৮
২. মনাজ্জলি বন্দ্যোপাধ্যায় ১০-০৯-২০১৮
৩. ছন্দা ঘোষাল ১০-০৯-২০১৮
৪. সরোজ কুমার পান ১০-০৯-২০১৮
৫. সুজিত কুমার পাল ১০-০৯-২০১৮

সিদ্ধান্ত :

১. পূর্ববর্তী সভার (০৬-০৯-২০১৮) সিদ্ধান্ত পঠিত ও অনুমোদিত হলো।

স্বাক্ষর

২. মাননীয় উপাচার্য মহাশয় প্রেরিত চিঠি নিয়ে বিভাগীয় সভায় আলোচনা হল। উক্ত চিঠি সম্পর্কে বিভাগ নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করল -

ক) Ph.D.-র মেধা তালিকায় স্থান পাওয়ার জন্য NET/SET-ই একমাত্র যোগ্যতা নির্ধারক হলে RET পরীক্ষার সংস্থানের প্রয়োজনীয়তা থাকত না। অভিযোগকারী তাঁর নিজের Professional qualification বলতে ঠিক কী বুঝিয়েছেন, তা স্পষ্ট নয়। যদি ধরে নেওয়া হয় যে NET কে

For Uploading

6.3.19

Deen (Acting)
Faculty of Arts & Commerce
VIDYASAGAR UNIVERSITY
Midnapore-721102

বুঝিয়েছেন, তাহলে বলতে হয় M.Phil. / RET ও এক্ষেত্রে সমতুল্য। সে ক্ষেত্রে তিনি কোন যুক্তিতে NET- কে বেশি গুরুত্ব দিচ্ছেন?

- খ) অভিযোগকারী Academic qualification-এর নিরিখে 'Merit- list'-এর প্রথম ২০ জনের মধ্যে আসতে পারেন না।
- গ) অভিযোগকারীর দশটা চাকরীর পরীক্ষা পাশের স্বঘোষিত দাবী Ph.D.-র Merit list তৈরীর ক্ষেত্রে বিবেচনায় আসতে পারে না।
- ঘ) অভিযোগকারীর পেশ করা খসড়া গবেষণা প্রকল্পটি নিম্নমানের। তা গবেষণার জন্য একেবারেই উপযুক্ত নয়। তাঁর লেখার বানান ও বাক্যগঠন অত্যন্ত ত্রুটিপূর্ণ। এ বিষয়ে Ph.D. কমিটির সকলেই একমত।
- ঙ) তাঁর Interview-এর Performance অত্যন্ত খারাপ ছিল।
- চ) তাঁর অযোগ্যতার জন্য অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে Ph.D. করার জন্য সুযোগ পায়নি। বিশ্বভারতীতে তাঁর নাম আছে ১৭৭ নম্বরে। যিনি নিজেকে সুযোগ্য বলে দাবি করেছেন, তিনি নিম্নরুচিসম্পন্ন কথাবার্তাও বলছেন। Ph.D. মেধাতালিকায় স্থান না পাওয়ায় অধ্যাপক শীট বাংলা বিভাগ, বিভাগীয় অধ্যাপক-অধ্যাপিকা এবং মেধা তালিকায় সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদের উদ্দেশে Social media-তে অত্যন্ত কুরুচিকর এবং আপত্তিকর কথাবার্তা, গালি-গালাজ এবং Video তে অপপ্রচার করেই চলেছেন।
- এই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের কাছে আমাদের বিনীত দাবী এই যে, এ হেন হীনরুচির অধ্যাপকের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হোক।

For Uploading

Handwritten signature

6.3.19

Dean (Acting)
Faculty of Arts & Commerce
VIDYASAGAR UNIVERSITY
Midnapore-721102

Handwritten signature
02/02/19